## উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটির ডিসেম্বর/২০২৪ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন
প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
স্থান ঃ নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ
তারিখ সময় ঃ ১৭/১২/২০২৪ খ্রিঃ, সময় ঃ সকাল- ১১.৩০ টা

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনোরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়। অতঃপর নিম্নোক্ত বিষয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, নির্ধারিত তারিখ হতেই বই বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। সংখ্যায় কম থাকায় সকল শিক্ষার্থীর মাঝে বই দেয়া সম্ভব হচ্ছে না। বই আসার সাথে সাথেই বিতরণ করা হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০২ | **মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত ঃ** পঞ্চগড় সদর উপজেলার মধ্যে অবস্থিত মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার মান নিশ্চিত করার জন্য নিয়মিতভাবে মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা পরিদর্শন ও তত্ত্বাবধান করা এবং কোন স্কুল ও মাদ্রাসা কর্তৃপক্ষের অবহেলা পরিলক্ষিত হলে সে সম্পর্কে ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের মাধ্যমে উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অবহিত করার জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানান। | বর্ণিত বিয়টি উপজেলা পরিষদের মাধ্যমে উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অবহিত করার জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানানোর অনুরোধ জানানো হয়। | কমিটির সকল সদস্য |
| ০৩ | **স্কুল ও মাদ্রাসা পরিচালনা কমিটি ঃ** সভাপতি স্কুল ও মাদ্রাসা পরিচালনা কমিটিসমূহের আইনসম্মতভাবে গঠন, কমিটির সদস্যদের প্রশিক্ষণ প্রদানের ব্যাপারে শিক্ষা বিভাগকে উৎসাহ প্রদান ও শিক্ষার গুণগত মান উন্নয়নে সহায়তার ক্ষেত্রসমূহ চিহ্নিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ জানান। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৪ | **বিবিধ ঃ** সভাপতি জানান যে, বিদ্যালয়সমূহের প্রয়োজনীয় সংস্কার, মেরামত, পুনঃনির্মাণ সম্পর্কিত কার্যক্রম সঠিকভাবে হচ্ছে কিনা তা তত্ত্বাবধান করা প্রয়োজন। প্রয়োজনে এই সমস্ত বিষয় নিয়ে উপজেলা প্রকৌশলীর সঙ্গে আলোচনা করার জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানান। | বর্ণিত বিষয় নিয়ে উপজেলা প্রকৌশলীর সঙ্গে আলোচনা করার জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য |

অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/১২/২৪

মোঃ জাকির হোসেন
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং ঃ- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১-১৯৪(১)

তারিখঃ ০২ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। জেলা প্রশাসক, পঞ্চগড়।

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

০১। অধ্যক্ষ,..........................................................................................

০২। উপজেলা .......................................................কর্মকর্তা, পঞ্চগড় সদর।

০৩। চেয়ারম্যান .............................................ইউনিয়ন পরিষদ, পঞ্চগড় সদর।

০৪। প্রধান শিক্ষক,...................................................................................

০৫। জনাব..........................................................................................
সদস্য, উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

মোঃ সাইফুল মালেক
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (অ:দা:)
ও
সদস্য-সচিব
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

## উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটির সভার উপস্থিতি ঃ

তারিখ- ২৭/১২/২০২৪

(পরিশিষ্ট-ক)

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ

| ক্রমিক | নাম ও পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৩ | চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৪ | চেয়ারম্যান, অমরখানা ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৫ | চেয়ারম্যান, চাকলাহাট ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৬ | বীর মুক্তিযোদ্ধা মোঃ নূরুল ইসলাম, কায়েতপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৭ | বীর মুক্তিযোদ্ধা মোঃ ইসমাইল হোসেন, চাকলাহাট, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |

# উপজেলা পরিষদ

পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১-১১৬৩

তারিখঃ ০১ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
১৬ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

## "সভার নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটির** পরবর্তী সাধারণ সভা নিম্নবর্ণিত আলোচসূচি অনুযায়ী আগামী ১৭/১২/২০২৪ তারিখ রোজ মঙ্গলবার সকাল- ১১.৩০ টায় **জনাব মোঃ জাকির হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ**, পঞ্চগড় সদর, পঞ্চগড়-এর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুম-এ অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ

০১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
০২। গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
০৩। গত সভায় আলোচিত কমিটি সংক্রান্ত কোন তথ্য বা সিদ্ধান্ত।
০৪। বিবিধ।

(মোঃ সাইফুল মালেক)
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা(অঃদা)
ও
সদস্য সচিব
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক
কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

বিতরণ ঃ

..................................................................
..................................................................
(সদস্য সকল) পঞ্চগড় সদর, পঞ্চগড়।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
০২। অফিস নথি।